

রেফারেন্স নং: বিজিএমইএ/ আরবিএইচ ইউনিট/ দি ফিউচার সেন্টার/ ২০২৫

তারিখ: ১৮ই নভেম্বর, ২০২৫

**বিষয়:** বিজিএমইএ এবং বিআইজিডি-এর যৌথ উদ্যোগে “সাসটেইনেবিলিটি ও জলবায়ু কার্যক্রমে কারখানাসমূহের সক্ষমতা বৃদ্ধি” শীর্ষক প্রকল্পে সহায়তার জন্য অনুরোধ

জনাব,

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, বিজিএমইএ ও বিআইজিডি যৌথভাবে পরিচালিত “Sustainability & Climate Action: Strengthening Factory Readiness” প্রকল্পের আওতায় আপনার কারখানাটি বিশেষভাবে নির্বাচিত হয়েছে। এ নির্বাচন আপনার কারখানার উন্নত ব্যবস্থাপনা, দায়িত্বশীল মনোভাব ও অগ্রসর চিন্তার স্বীকৃতি বহন করে, যা আপনাদের টেকসই উৎপাদনের নতুন ধাপে অগ্রসর হওয়ার পথ আরও সুগম করবে।

এই প্রকল্পের অংশ হিসেবে একদল অভিজ্ঞ এনার্জি অ্যাসেসমেন্ট পেশাজীবী আপনার কারখানায় পূর্ণ দিবস অবস্থান করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও মূল্যায়ন করবেন। এ ধরনের অ্যাসেসমেন্ট সাধারণত অত্যন্ত ব্যয়বহুল সেবা; তবে প্রকল্পের জন্য আপনার কারখানাটি মনোনীত হওয়ায় এই সেবাটি আপনাদের সম্পূর্ণ বিনা খরচে প্রদান করা হবে। এর মাধ্যমে আপনার কারখানায় কোথায় বিদ্যুতের অপচয় হচ্ছে, কীভাবে বিদ্যুৎ ও অন্যান্য উৎপাদন খরচ কমানো সম্ভব, এবং কীভাবে কার্বন নিঃসরণ হ্রাস করে আরও পরিবেশবান্ধব কার্যপ্রণালী গ্রহণ করা যায়—এসব বিষয়ে একটি সহজবোধ্য লিখিত প্রতিবেদন আকারে সুনির্দিষ্ট সুপারিশ আপনাদের হাতে পৌঁছে দেওয়া হবে।

উল্লেখ্য, এই অ্যাসেসমেন্টের মাধ্যমে সংগৃহীত কোনো তথ্য তৃতীয় পক্ষের সাথে শেয়ার করা হবে না; তথ্যসমূহ শুধুমাত্র আপনার কারখানার উন্নয়নমূলক বিশ্লেষণ ও পরামর্শ প্রদানের উদ্দেশ্যেই ব্যবহার করা হবে—এই বিষয়ে আমরা সম্পূর্ণভাবে অঙ্গীকারবদ্ধ। আপনার সহযোগিতা ও সদয় সমর্থন আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকল্প-সংক্রান্ত পরবর্তী বিস্তারিত তথ্যের জন্য বিজিএমইএ-এর Responsible Business Hub (আরবিএইচ) এর নিম্নোক্ত যে কোনো একজন স্টাফ আপনার সাথে সরাসরি যোগাযোগ করবেনঃ

#### ১। শেখ সূচিতা জাহান স্নেহা

কো-অর্ডিনেটর, আরবিএইচ ইউনিট, বিজিএমইএ  
ইমেইল: sneha@rbh.bgmea.com.bd  
মোবাইল: 01711564477

#### ২। শেখ জাওয়াদ হাসান

ডেটা অ্যাডমিনিস্ট্রেটর, আরবিএইচ ইউনিট, বিজিএমইএ  
ইমেইল: zawad@rbh.bgmea.com.bd  
মোবাইল: 01757045852

#### ৩। তাহমিনা নাজনীন সুরভি

আরবিএইচ অফিসার, আরবিএইচ ইউনিট, বিজিএমইএ  
ইমেইল: suravi@rbh.bgmea.com.bd  
মোবাইল: 01759506867

আপনাদের ইতিবাচক সহযোগিতা প্রত্যাশা করি।

ধন্যবাদান্তে,

মাহমুদ হাসান খান

সভাপতি,  
বিজিএমইএ।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •